গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা
www.doict.rowangchhari.bandarban.gov.bd

**উপজেলা আইসিটি বিষয়ক কমিটির জানুয়ারি /২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোহাম্মদ আতিকুল মামুন
উপজেলা নির্বাহী অফিসার
রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা

সভার তারিখ : ২৩ জানুয়ারি ২০২৪

সময় : সকাল- ১০.০০ টা

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|
| ০১. | **আইসিটি বিষয়ক সভা সংক্রান্ত:** উপজেলা আইসিটি বিষয়ক সভায় সংশ্লিষ্ট সকল সদস্যেক উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। সভার নোটিশ ও কার্যবিবরণী নথি সিস্টেম এবং ই-মেইলে প্রেরণের বিষয়ে সহকারী প্রোগ্রামার প্রস্তাব দেন। প্রতিমাসে আইসিটি বিষয়ক সভা করে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ক) সভার নোটিশ ও কার্যবিবরণী (সংশ্লিষ্ট সকলকে) নথি সিস্টেম এবং ই-মেইলে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) প্রতিমাসে আইসিটি বিষয়ক সভা করে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২. | **জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত:** সভাপতি ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়তে জাতীয় তথ্য বাতায়নের গুরুত্ব তুলে ধরেন এবং বাংলা ও ইংরেজি উভয় ভার্সনে তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করেন। অধিকতর সিকিউরিটি ও হ্যাকিং এর মত দুর্ঘটনা এড়াতে উপজেলার সকল সরকারি দপ্তরসমূহের তথ্য বাতায়নের ডিফল্ট পাসওয়ার্ড জরুরীভিত্তিতে পরিবর্তন করার বিষয়ে আলোচনা করা হয়। রোয়াংছড়ি উপজেলা তথ্য বাতায়ন ১০০% হালনাগাদ রয়েছে। তথ্য বাতায়নের রিপোর্ট অনুযায়ী উপজেলা ও ইউনিয়নের সকল সরকারি দপ্তরের তথ্য বাতায়ন ১০০% হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করে পত্র প্রেরণের জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। | ক) সকল সরকারি দপ্তরের তথ্য বাতায়নের ডিফল্ট পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে।<br>খ) উপজেলার সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন তথ্য বাতায়ন বাংলা ও ইংরেজি ভার্সনসহ নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>গ) তথ্য বাতায়নের রিপোর্টের অসম্পূর্ণতা ভিত্তিতে উপজেলা সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের তথ্য বাতায়ন ১০০% হালনাগাদ করার জন্য পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার প্রয়োজনীয় সহযোগিতা ও প্রদান করবেন। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৩। ইউপি সচিব (সকল)<br>৪। ইউডিসি উদ্যোক্তা (সকল) |
| ০৩. | **ই-ফাইলিং (নথি) সংক্রান্ত:** সরকারি দপ্তরসমূহে ডি-নথি কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। ডি-নথি সিস্টেমে মাধ্যমে আগত সকল পত্র দাপ্তরিক পত্র হিসেবে বিবেচনা করে উক্ত সিস্টেমের মাধ্যমে প্রক্রিয়াকরণ এবং সিস্টেম থেকে পত্রজারীর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা<br>খ) যে সকল সরকারি দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ডি-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সে সকল দপ্তরকে ডি-নথিতে ডাক উপস্থাপন ও নিষ্পত্তি করতে অনুরোধ করা হয়।<br>গ) অপ্রয়োজনীয় পত্রজারী না করার জন্য অনুরোধ করা হয়। | ক) সকল সরকারি অফিসে ডি-নথি সিস্টেম ব্যবহারের মাধ্যমে পত্রজারীসহ দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।<br>খ) অনিষ্পন্ন ডাক ও নথিসমূহ যথাসময়ে নিষ্পন্ন করতে হবে এবং অপ্রয়োজনীয় পত্র প্রেরণ হতে বিরত থাকতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৩। সংশ্লিষ্ট সকল |
| ০৪. | **মাল্টিমিডিয়া ক্লাশরুম সংক্রান্ত:** সকল শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুমসমূহ নিয়মিত চালু রাখা এবং আরও ফলপ্রসু করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। রোয়াংছড়ি | ক) উপজেলা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুম বর্তমান অবস্থা পরিদর্শন করতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা শিক্ষা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলায় প্রাথমিক পর্যায়ে ০২(দুই)টি, এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ০২(দুই)টি সহ মোট ০৪ (চার) টি মাল্টিমিডিয়া ক্লাশরুম চালু রয়েছে। তাছাড়া মাল্টিমিডিয়া ক্লাশরুম অনলাইন ড্যাশবোর্ডে ০১টি শিক্ষা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন করা হয়। এমএমসিএম সিস্টেম সমস্যা থাকায় এখন আপলোড বন্ধ রয়েছে। সিস্টেম চালু না হওয়া পর্যন্ত রেজিস্টারে সংরক্ষণ করে প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করার বিষয়ে গুরুত্ব দেয়া হয়। | খ) এমএমসি ক্লাসের জন্য রুটিন করে সে অনুযায়ী নিয়মিত ক্লাস পরীক্ষা নিতে হবে এবং ৫ তারিখের মধ্যে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | অফিসার<br>৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ০৫. | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও অন্যান্য ল্যাব সংক্রান্ত:** আইসিটি অধিদপ্তর কর্তৃক রোয়াংছড়ি উপজেলার- রোয়াংছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়ে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ মোট ২টি ল্যাব রয়েছে। উক্ত ল্যাবসমূহের কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ জানানো হয়। ল্যাবসমুহের যথাযথ ব্যবহার পরিবীক্ষনের জন্য সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>উপজেলা আইসিটি বিষয়ক কমিটি-র মাসিক সভায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ক) শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাব পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>খ) শেখ রাসেল ডিজিটাল ল্যাবে শিক্ষার্থীদের প্রশিক্ষণের ব্যবস্থাসহ ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>গ) ল্যাবে স্টক রেজিস্টার, পরিদর্শন রেজিস্টার, ছাত্র-ছাত্রী ও শিক্ষক ব্যবহার রেজিস্টারসহ অন্যান্য রেজিস্টার রাখতে হবে এবং তা নিয়মিত আপডেট করতে হবে।<br>ঘ) ল্যাবের নষ্ট কম্পিউটার সামগ্রী মেরামত ও পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।<br>ঙ) চুক্তিনামা ও 'কম্পিউটার ল্যাব পরিচালনা নীতিমালা ২০১২' অনুযায়ী ল্যাবে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের সুযোগ দেয়া যাবে ।<br>ছ) উপজেলা আইসিটি বিষয়ক কমিটি-র মাসিক সভায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের উপস্থিত থাকতে হবে এবং সভায় ল্যাবের মাসিক প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। উপজেলা শিক্ষা অফিসার<br>৪। প্রতিষ্ঠান প্রধান(সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও অন্যান্য ল্যাব।<br>৪। সংশ্লিষ্ট সকল |
| ০৬. | **ডিজিটার সেন্টার সংক্রান্ত:**<br>ইউডিসি'র দৈনিক রিপোর্ট একসেবায় নিয়মিত তথ্য আপলোড করা হয়না মর্মে সভাপতি উদ্বেগ প্রকাশ করেন। এ বিষয়ে উদ্যোক্তাদের মনিটরিং করার জন্য ইউপি চেয়ারম্যান ও সচিবদের অনুরোধ জানানো হয়। ডিসেম্বর /২০২৩ মাসে একসেবায় উদ্যোক্তাদের মোট আয় ০০ টাকা ও মোট সেবা গ্রহীতা সংখ্যা ০০ জন।<br>উপজেলা আইসিটি সংক্রান্ত কমিটির সভায় ইউডিসি'র উদ্যোক্তাদের উপস্থিতির বিষয় নিয়ে আলোচনা করা হয়। | ক) ইউডিসি'র দৈনিক আয়ের রিপোর্ট একসেবা uddokta.eksheba.gov.bd/login এ নিয়মিত আপলোড করতে হবে।<br>খ) ইউডিসি উদ্যোক্তাদের কার্যক্রম তদারকি এবং একসেবায় নিয়মিত আয়ের রিপোর্ট আপলোড পরিবীক্ষণ করতে হবে।<br>গ) উপজেলা আইসিটি কমিটির সভায় ইউডিসি'র উদ্যোক্তাগণকে একসেবার মাসিক রিপোর্টসহ সভায় উপস্থিত হতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর<br>৩। ইউপি চেয়ারম্যান/সচিব (সকল)<br>৪। উদ্যোক্তা (সকল)<br>৫। সংশ্লিষ্ট সকল |
| ০৭. | **সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করার ক্ষেত্রে সাবধানতা অবলম্বন এবং সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ (পরিমার্জিত সংস্কারণ) যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হয়। | ক) উপজেলা পর্যায়ে বিভিন্ন কার্যক্রম ফেইসবুক পেইজে নিয়মিত আপলোড করতে হবে।<br>খ) সকল দপ্তরকে নিজস্ব ফেইসবুক পেইজ খুলে নিজ নিজ কার্যক্রমের উপর ১মিনিটের ভিডিও তৈরি করে আপলোড দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ)সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে । | ১। সহকারী প্রোগ্রামার<br>২। সকল সরকারি দপ্তর<br>৩। সংশ্লিষ্ট সকল |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **বিবিধ:**<br>**ক)** 'হার পাওয়ার (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন)' প্রকল্পের আওতায় রোয়াংছড়ি উপজেলায় ০৫ (পাঁচ) মাসব্যাপী বিনামুল্যে নারীদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। কোর্সসমূহ হল:<br>(১) IT Service Provider (ISP) ৪টি ব্যাচে ৮০ জন,<br>(২) Graphics Design (GD): ২টি ব্যাচে ৪০ জন,<br>(৩)Web Development (WD): ১টি ব্যাচে ২০ জন,<br>(৪) Digital Marketing (DM): ১টি ব্যাচে মোট ২০ জন,<br>(৫) Women E-commerce Professional (WEP): ১টি ব্যাচে ২৫ জন<br>০৫ (পাঁচ) মাসব্যাপী এই প্রশিক্ষণগুলো প্রদান করা হবে।<br>উল্লেখ্য গত ১৮ অক্টোবর ২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী সারাদেশে উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। রোয়াংছড়ি উপজেলায় "ওমেন ই-কমার্স প্রফেশনাল" ১টি ব্যাচে ২৫ জন প্রশিক্ষণার্থীদের নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>**খ) জয় SET CENTER** :রোয়াংছড়ি উপজেলা পরিষদের ভবন স্থাপিত হলে জয় SET CENTER এর কার্যক্রম আরম্ভ হবে।<br>**গ) ইনফো সরকার ৩ :** রোয়াংছড়ি উপজেলায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক ইনফো সরকার-৩ প্রকল্পের আওতায় ০১ টি ইউনিয়নে (তারাছা) point of present (pop) স্থাপন করা হয়েছে।<br>**ঘ) কানেক্টেড বাংলাদেশ প্রকল্প** : কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের আওতায় রোয়াংছড়ি উপজেলায় ৩ টি ইউনিয়নে (রোয়াংছড়ি সদর, আলেক্ষং, নোয়াপতং) কার্যক্রম চলমান রয়েছে। | ক) 'হার পাওয়ার (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন)' প্রকল্পের আওতায় রোয়াংছড়ি উপজেলায় বিনামূল্যে নারীদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>খ) উপজেলা পরিষদ ভবন স্থাপন সমাপ্তান্তে জয় SET CENTER এর কাজ আরম্ভ হবে।<br>গ) কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের কার্যক্রম সভায় উপস্থাপন করবেন। | সংশ্লিষ্ট সকল |

উপস্থিত সকলের প্রতি আন্তরিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।


মোহাম্মদ আতিকুল মামুন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা
ফোন নম্বর- ০১৫৫০০০৭১৮২
E-mail: unorowangchari@mopa.gov.bd


CamScanner

স্মারক: ৫৬.০৪.০৩৯১.০০০.০৬.০০১.২২. ০৪

তারিখ: ০৯ মাঘ ১৪৩০ / ২৩ জানুয়ারী ২০২৪

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, ৩০০-বান্দরবান ও মুখ্য উপদেষ্টা, আইসিটি বিষয়ক উপজেলা কমিটি;
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা;
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা;
৪। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা;
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা;
৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা;
৭। ........................................................................................(সংশ্লিষ্ট সকল), রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
৮। অফিস কপি

২৩.০১.২০২৪

(মোহাম্মদ জুরত আলম)
সহকারী প্রোগ্রামার (অ.দা.)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ফোন: 01814-138588
ই-মেইল- alamdoict@gmail.com

CamScanner